

শুভ সংবাদ!

বিষয়: সেশন সমাপনী প্রোগ্রাম (Session Ending Program)

শ্রেণি: ৩য় থেকে ৯ম (বালিকা)

সময়: দুপুর ১২টা-২টা

০৮/১২/২০২২

সম্মানিত অভিভাবক,
আসসালামু আলাইকুম।

আনন্দের সঙ্গে জানানো যাচ্ছে যে, বছর প্রায় শেষ হতে চলল। বছরটিকে স্মৃতিময় করে রাখতে, বার্ষিক পরীক্ষা শেষে শিক্ষার্থীরা সহপাঠী এবং শিক্ষকদের সঙ্গে কিছুটা সময় থাকতে চান। কোমলমতি শিক্ষার্থীদের এ চাওয়ার সার্থক রূপ দিতে নিম্নের বিষয়সমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি:

- ১) ১২ ডিসেম্বর, সোমবার সেশন সমাপনী প্রোগ্রাম অনুষ্ঠিত হবে। সেদিন জন্য ৩য় থেকে ৯ম শ্রেণি বালিকাদের সময়- দুপুর ১২টা থেকে ২টা। ৩য় থেকে ৮ম শ্রেণির রিপোর্টিং সময় : সকাল ১১টা এবং ৯ম শ্রেণির রিপোর্টিং সময়: ব্যবহারিক পরীক্ষার রুটিন অনুযায়ী।
- ২) সেশন সমাপনী প্রোগ্রাম উপলক্ষ্যে অভিভাবক চাইলে অল্প কিছু খাবার (তিনজনের সমপরিমাণ) সহপাঠীর সাথে শেয়ার করার মতো করে দিতে পারেন। সেশন সমাপনী প্রোগ্রামে শিক্ষার্থীরা যা দিয়ে কক্ষ সাজাতে পারবেন- ফুল, রঙিন কাগজ, কাগজের ছোট ছোট ফুল ইত্যাদি। শিক্ষার্থীরা ব্লো স্পেস, বেলুন এবং কোনো ইলেক্ট্রনিক ডিভাইস আনা থেকে বিরত থাকবেন। ছবি তোলায় জন্যে ফ্লোর ক্যামেরা থাকছে।
- ৩) শিক্ষার্থীরা যে কোনো প্রয়োজনে শ্রেণি-শিক্ষকের সাথে যোগাযোগ করতে পারবেন।
- ৪) শিক্ষার্থীরা শিক্ষার্থীসুলভ মানানসই শালীন পোশাকে আসবেন।

ধন্যবাদান্তে,

কসমো স্কুল